




যুক্তরাজ্যে স্বাস্থ্য পরীক্ষায় রাষ্ট্রপতির হাটে ব্লক শনাক্ত, বসানো হয়েছে রিং



রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। ছবি: সংগৃহীত

যুক্তরাজ্যে স্বাস্থ্য পরীক্ষা করাতে গিয়ে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের হৃদযন্ত্রে একটি গুরুত্বপূর্ণ ব্লক ধরা পড়ে। পরে জরুরি ভিত্তিতে তার এনজিওপ্লাস্টি করা হয় এবং ব্লক অপসারণে স্টেন্ট বসানো হয়। বর্তমানে তার শারীরিক অবস্থা স্থিতিশীল রয়েছে।

মঙ্গলবার রাতে বঙ্গভবনের প্রেস উইং এ তথ্য জানায়। রাষ্ট্রপতির ব্যক্তিগত চিকিৎসক কর্নেল ডা. এ কে এম ফয়জুল হকের বরাতে বলা হয়, ক্যামব্রিজের রয়াল প্যাপওয়ার্থ হাসপাতালে পরীক্ষা-নিরীক্ষার সময় হৃদযন্ত্রের ধমনীতে ব্লক শনাক্ত হয়।

এরপর ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট ডা. স্টিফেন হোলির তত্ত্বাবধানে দ্রুত এনজিওপ্লাস্টি সম্পন্ন করা হয় এবং একটি স্টেন্ট স্থাপন করা হয়। বর্তমানে রাষ্ট্রপতি চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন।

রাষ্ট্রপতি দ্রুত সুস্থতার জন্য দেশবাসীর কাছে দোয়া চেয়েছেন। গত ৯ মে ফলো-আপ চিকিৎসা ও নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য তিনি লন্ডনে যান। চিকিৎসা শেষে আগামী ১৮ মে দেশে ফেরার কথা রয়েছে।